

প্রকাশ : ১০ আগস্ট, ২০১৬ ১৩:৪৮  
আপডেট : ১০ আগস্ট, ২০১৬ ১৫:৩২

অনলাইন  
ভার্সন

Share

প্রিন্ট করুন 

## গুলশান-বনানীতে নতুন বাস-রিকশা চালু

অনলাইন ডেস্ক



পূর্ব নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী রাজধানীর অভিজাত এলাকা হিসেবে খ্যাত গুলশান, বনানী, নিকেতন ও বারিধারা আবাসিক এলাকায় চালু হয়েছে বিশেষ রঙের রিকশা ও শীতাতপনিয়ন্ত্রিত বাস।

পাশাপাশি নিরাপত্তা প্রহরীও নিয়োগ করা হয়েছে। শীতাতপ বাস সার্ভিসের ভাড়া ১৫ টাকা নির্ধারণ করা

হয়েছে। প্রাথমিকভাবে দুটি রুটে ১০টি এসি বাস ও ৫০০টি রিকশা নামানো হয়েছে।

বুধবার দুপুরে গুলশান পুলিশ প্লাজার সামনে সার্কুলার বাস সার্ভিস 'ঢাকা ঢাকা' কার্যক্রমের অংশ হিসেবে এই সার্ভিসের উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন।

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের সভাপতিত্ব অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন পুলিশ পরিদর্শক এ কে এম শহীদুল ইসলাম, ডিএমপি কমিশনার আসাদুজ্জামান মিয়া, সাবেক নির্বাচন কমিশনার ড. এ বি এম শামসুল হুদা, নিটল নিলয় গ্রুপের চেয়ারম্যান আবদুল মাতলুব আহমাদ, সংসদ সদস্য এ কে এম রহমত উল্লাহ প্রমুখ।



প্রাথমিক

পর্যায়ে বাসের দুটি রুট ঠিক করা হয়েছে। প্রথমটি গুলশান পুলিশ প্লাজা কনকর্ড থেকে গুলশান ১ ও দুই নম্বর গোলচত্বর হয়ে বনানী পর্যন্ত। দ্বিতীয় রুট গুলশান নতুন বাজার থেকে শুরু হয়ে ২ নম্বর গোলচত্বর হয়ে বনানী পর্যন্ত। প্রতি ১০ মিনিট অন্তর এসি বাস চলছে এই দুটি রুটে।

এ এলাকার চারটি সোসাইটির এলাকাতেও এখন থেকে চলছে দুই ধরনের নতুন রিকশা। প্রাথমিকভাবে গুলশানে ২০০, বনানীতে ২০০ এবং বারিধারা ও নিকেতনে ৫০টি করে রিকশা নামানো হয়েছে। এসব রিকশা চলাচলের বিষয়ে বেশ কিছু নিয়মও ঠিক করে দেয়া হয়েছে।

প্রসঙ্গত, গত ১ জুলাই গুলশানে জঙ্গি হামলার পর এ এলাকা দিয়ে চলাচলকারী সব রুটের গণপরিবহন বন্ধ করে দেয় প্রশাসন। সীমিত করা হয় রিকশা চলাচলও। এতে বিপাকে পড়তে

হয় সাধারণ মানুষকে। জনসাধারণের চলাচলের সুবিধার্থে এবং নিরাপত্তা জোরদার করতে বিশেষ রিকশা ও বাস সেবা চালুর সিদ্ধান্ত নেয় সরকার।

বিডি-প্রতিদিন/১০ আগস্ট, ২০১৬/মাহবুব